গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।
www.dbla.gov.bd

নং-১০.০৭.০০০০.০০০.০০১.০৪.০০১৪.২৬-৩৪৮

তারিখঃ ০৪ ভাদ্র ১৪৩৩ / ১৯ আগস্ট ২০২৬

**বিষয়: 'প্রবাসী ডেবিট কার্ডধারী' প্রবাসীদের আইনগত সহায়তা প্রদান এবং 'প্রবাসী লিগ্যাল এইড হেল্পডেস্ক' স্থাপন প্রসঙ্গে।**

সূত্র : শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর কার্যালয়ের আধা সরকারি পত্র নং – ৪৯.০০.০০০০.০০০.০১০.৩১.০০০৪.২৬-১০৭; তারিখ: ১৯ জুলাই ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রবাসী বাংলাদেশি নাগরিক ও অভিবাসী শ্রমিকগণ দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছেন। এ প্রেক্ষাপটে প্রবাসী বাংলাদেশিদের বিভিন্ন সরকারি ও বেসরকারি সেবা সহজে ও অগ্রাধিকারভিত্তিতে প্রদানের লক্ষ্যে সরকার কর্তৃক **'প্রবাসী ডেবিট কার্ড'** চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রবাসী ডেবিট কার্ডধারীদের জন্য নিম্নোক্ত সেবাসমূহ প্রদানের বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে –

- সরকারি লিগ্যাল এইড সেবা গ্রহণের ক্ষেত্রে প্রবাসী ডেবিট কার্ডধারীদের অগ্রাধিকার প্রদান;
- জেলা লিগ্যাল এইড অফিসসমূহে প্রবাসী সহায়তা ডেস্ক/সেল স্থাপন;
- অনলাইন বা ভার্চুয়াল মাধ্যমে লিগ্যাল এইড সেবা গ্রহণের সুবিধা প্রদান; এবং
- বিশেষত মানব পাচার ও প্রতারণার শিকার প্রবাসী নাগরিক ও অভিবাসী শ্রমিকদের আইনগত সহায়তা প্রদান।

০২। সরকার ইতোমধ্যে আইনগত সহায়তা প্রদান (সংশোধন) আইন, ২০২৬-এর মাধ্যমে বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তরকে বিদেশে অবস্থানরত বাংলাদেশি প্রবাসী নাগরিক ও অভিবাসী শ্রমিকদের প্রয়োজন বিবেচনায় আইনগত সহায়তা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দায়িত্ব প্রদান করেছে। একই সঙ্গে প্রবাসী নাগরিক ও বিদেশে কর্মরত বাংলাদেশি শ্রমিকদের আইনগত সহায়তা প্রদানের লক্ষ্যে বিভিন্ন বাংলাদেশি দূতাবাসে লিগ্যাল এইড অফিসার পদায়নের বিষয়ে সরকারকে সুপারিশ ও প্রয়োজনীয় পরামর্শ প্রদানের দায়িত্বও অধিদপ্তরের উপর ন্যস্ত করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, আইনগত সহায়তা প্রদান (সংশোধন) আইন, ২০২৬-এর মাধ্যমে ধারা ৭-এর দফা (ক) ও (ন)-এ প্রদত্ত ক্ষমতাবলে, অধিদপ্তর কর্তৃক প্রবাসী ডেবিট কার্ডধারীদের সকল প্রকার সরকারি আইনগত সহায়তা প্রাপ্তির জন্য যোগ্য ব্যক্তি হিসেবে নির্ধারণ করা হলো।

০৪। প্রবাসী ডেবিট কার্ডধারীদের **অগ্রাধিকারভিত্তিতে আইনগত সহায়তা প্রদানের লক্ষ্যে** প্রত্যেক জেলা লিগ্যাল এইড অফিসে **'প্রবাসী লিগ্যাল এইড হেল্পডেস্ক'** কার্যক্রম জরুরি ভিত্তিতে চালু করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৯.৮.২৬

**(মোঃ মঞ্জুরুল হোসেন)**
মহাপরিচালক (সিনিয়র জেলা জজ)
ফোন নং: ০২-৪১০৩২২৯১ (অ:)
ই-মেইল: dg@dbla.gov.bd

**কার্যার্থে বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। চেয়ারম্যান, জেলা লিগ্যাল এইড কমিটি এবং জেলা ও দায়রা জজ, ................ (সকল)।
২। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ................ (সকল)।
৩। চীফ লিগ্যাল এইড অফিসার, .................... (সকল)।
৪। জেলা লিগ্যাল এইড অফিসার, .................... (সকল)।

D:\১৩. Sohag-Legal Aid Services\প্রবাসী ডেবিট কার্ড\Letter.doc

নং-১০.০৭.০০০০.০০০.০০১.০৪.০০১৪.২৬-৩৪৮(৭)

তারিখঃ ০৪ ভাদ্র ১৪৩৩ / ১৯ আগস্ট ২০২৬

**সদয় জ্ঞাতার্থে বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২। উপপরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৩। সচিব এর একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪। সহকারী পরিচালক (প্রশাসন/মনিটরিং/অর্থ ও হিসাব), বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৫। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৬। কোর্ট অফিসার, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর। (অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)
৭। সংশ্লিষ্ট প্রশাসনিক ফাইল/গার্ড ফাইল।

**(মাসুদা ইয়াসমিন)**
উপপরিচালক (প্রশাসন)
(অতিরিক্ত জেলা জজ)
ই-মেইল: ddadmin@dbla.gov.bd